

তারিখ : ২৫ JAN ২০১৬.....
নং ২০..... মোহাম্মদ.....

দেশিক জনবঙ্গ

মৌচাকে কাব স্কাউটরা মেতে উঠেছে উল্লাসে

নিজস্ব সংবাদদাতা, পাঞ্জীপুর, ২৪
জানুয়ারি ॥ অষ্টম জাতীয় কাব
ক্যাম্পুরীর তৃতীয় দিন বিবার
কালিয়াকৈরের মৌচাকে জাতীয়
স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রে
অংশগ্রহণকারী : কাব স্কাউটরা
আকর্ষণীয় সব উল্লাসে মেতে
ওঠে। ক্যাম্পুরীতে
অংশগ্রহণকারীদের কদম্ব, জবা,
সূর্যমুখী ও কৃষ্ণচূড়া- এ চারটি
ফুলের নামে চারটি ভিলেজে
বিভক্ত করা হয়েছে। কাব
স্কাউটরা : পর্যায়ক্রমে ক্যাম্পুরীর
চ্যালেঞ্জ ও আকর্ষণীয়
কর্মসূচিতে উল্লাসের সঙ্গে
অংশগ্রহণ করছে। ‘আমরা করব
জয়’ মোগান নিয়ে গত শুক্রবার
থেকে কালিয়াকৈরের মৌচাকে
৮ম জাতীয়..কাব ক্যাম্পুরী শুরু
হয়েছে। ক্যাম্পুরীর আকর্ষণীয়
উল্লাসগুলো হচ্ছে, আনন্দ সকাল,
আমার তাঁবু, আমরা সবাই রাজা,
গাঙ্গচিল, মুক্ত আকাশ, বন্ধু গড়ি,
আমার তাঁবু, কিডস জোন, খেলব
মোরা, রত দ্বীপে যাত্রা ও জানা
অজানা ক্যাম্প ফায়ার। এ সকল
উল্লাসে অংশগ্রহণ করে একদিকে
যেমন তারা আনন্দ উপভোগ
করেছে,

(১৯ পৃষ্ঠা ৪ কং দেখুন)

মৌচাকে কাব

(২০-এর পঠাৰ পৰ)

অন্যদিকে তাদের ব্যক্তিগত দক্ষতা ও
যোগ্যতা অনুশীলনের সুযোগ পাচ্ছে।
আকর্ষণীয় ও বিচিৎ সাজে কদম্ব
ভিলেজের অংশগ্রহণকারীগণ আমরা
সবাই রাজা উল্লাস এরিনায় তীব্রপাঞ্জ,
ডট নোর্ড, বেলুন দিয়ে ডিস্কাস থ্রো,
কোটায় বল ফেলা, ভারসাম্য রক্ষা,
মহস্য শিকার, বলতে পারি, ঠিকনা
থোজ স্টেশনে অংশগ্রহণ তাদের
দক্ষতা ও যোগ্যতার পরিচয় দেয়।
জবা ভিলেজের অংশগ্রহণকারী দেশীয়
খেলা উল্লাস্ট, দাঁড়িয়াবাঙ্কা, কাবাড়ি,
ফুলটোকা, বৌলি, বিং চলানো,
সাতচারাসহ ক্রিকেট, ফুটবল ও ঘো
খো খেলায় মেতে ওঠে। সূর্যমুখী
ভিলেজের অংশগ্রহণকারীরা
অজানাকে জানার উদ্দেশ্যে যাত্রা করে
এবং যাত্রা পথে বিভিন্ন বাধা অতিক্রম
করে নির্দিষ্ট গন্তব্যে পৌছায়। কৃষ্ণচূড়া
ভিলেজের অংশগ্রহণকারীগণ যাত্রা
করেন গাসচিল নদন প্রদেশে।

বাংলাদেশ স্কাউটসের উপদেষ্টা ড.
শাহ মোহাম্মদ ফরিদ ক্যাম্পুরীর কদম্ব
ভিলেজের আমরা সবাই রাজা উল্লাস
উদ্বোধন করেন। অন্যান্যে বিশেষ
অতিথি হিসেবে উপস্থিত ছিলেন
জনপক্ষি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ
ব্যবের মহাপরিচালক বেগম শামছুল
নাহার। এতে সভাপতিত্ব করেন
বাংলাদেশ স্কাউটসের জাতীয়
কমিশনার (প্রোগ্রাম) মোহাম্মদ
রফিকুল ইসলাম খান। বিকেলে
মন্দির উল করিম আউটোবিয়ামে
অনুষ্ঠিত হয় শাপলা কাব রিহিউনিয়ন।
রিহিউনিয়নে প্রধান অতিথি হিসেবে

উপস্থিত ছিলেন বাংলাদেশ স্কাউটসের
প্রাক্তন প্রধান জাতীয় কমিশনার মুহঃ
ফজলুর রহমান। এতে সভাপতিত্ব
করেন জাতীয় কমিশনার (উরয়ন)
মেসবাহ উদ্দিন ভুইয়া। একই সঙ্গে
বিকেলে কদম্ব ভিলেজের
অংশগ্রহণকারীগণ মুক্ত আকাশ
যোবাল ডেভেলপমেন্ট ভিলেজ, জবা
ভিলেজের অংশগ্রহণকারী বন্ধুগতি,
সুর্যমুখী ভিলেজের অংশগ্রহণকারীগণ
কিউস জেনের উন্নত মঞ্চে গান,
নাচ, কবিতা আবৃতি, অভিনয়
প্রদর্শনসহ মেসেঞ্জার অব গিম্সের জন্য

শাস্তির বার্তা লিখে প্রদর্শন করে।
উদ্বেগ, প্রধানমন্ত্রী শেখ হাসিনা
শনিবার গণভবন থেকে ভিডিও
কনফারেন্স-এর মাধ্যমে এ
ক্যাম্পুরীর উদ্বোধন করেন।
ক্যাম্পুরীর আকর্ষণীয় এ সকল
কার্যক্রম আগামী ২৭ জানুয়ারি পর্যন্ত
চলবে।